

দৈনিক ইত্তেফাক

দিনাজপুর কৃষি কলেজ বন্ধ ঘোষণা
দিনাজপুর সংবাদদাতা ৥ দুইটি ছাত্র সংগঠনের মধ্যে ব্যাপক সংঘর্ষের আশংকায় দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হল (২য় পৃ: ৫-এর ক: দ:)

দিনাজপুর কৃষি কলেজ (১ম পৃ: পর)
হইয়াছে। পবিত্র জমিদার মিলাদুল্লাহী পালনের জন্য কমিটি গঠন লইয়া ছাত্রদল ও ছাত্র লীগের মধ্যে মত-বিবোধের সৃষ্টি হয়। এক পর্যায়ে ইহা লইয়া সংঘর্ষের রূপ নেয়। ২/৩ দিন ধরিয়। চলিতে থাকে যাওয়া ও পালটা যাওয়া। কলেজের ১ম ও ২য় বর্ষের পরীক্ষা বন্ধ হইয়া যায়। পুলিশের একটি বিশেষদল কলেজ ক্যাম্পাসে অবস্থান নেওয়ার পরও সংঘাত অব্যাহত থাকে। ব্যাপক সংঘাতের আশংকায় অধিক গতকাল শুক্রবার সকালে অনিদিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন। ইহার পর পুলিশের বিশেষ শ্রহরায় ছাত্র-ছাত্রীরা কলেজ ক্যাম্পাস ত্যাগ করে। অপবাদিকে জাতীয়তাবাদী ছাত্র দল হাজী দানেশ কৃষি কলেজ শাখার ছাত্ররা এই ঘটনার প্রতিবাদ জানাইয়া শহরে একটি বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিল শেষে দিনাজপুর প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে ছাত্র-দলের নেতারা অভিযোগ করেন যে, ছাত্রলীগ নেতা ও কর্মীরা বহিরাগত সন্ত্রাসীদের লইয়া কলেজ ক্যাম্পাসে প্রবেশ করিয়া তাহাদের উপর হামলা চালায়। সম্মেলনে তাহারা সন্ত্রাসীদের আটক করিয়া দৃষ্টান্তমূলক শাস্তি এবং অবিলম্বে কলেজ খুলিয়া দেওয়ার দাবী জানান। এই ব্যাপারে কলেজের অধক্ষের সহিত টেলিফোনে বারংবার যোগাযোগের চেষ্টা করিয়াও তাহাকে পাওয়া যায় নাই। জেলা প্রশাসক মোশারফ হোসেনের সহিত যোগাযোগ করিলে তিনি জানান কলেজে এমন কোন আইন শৃংখলা অবনতি ঘটে নাই যে কারণে কলেজ অনিদিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণার প্রয়োজন ছিল।